

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০১০০
করবুক, ১৮ মার্চ, ২০২৩

**মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনা
করবুক ব্লকে কর্মশালা**

করবুক ব্লকের বিএসি হলে মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনার উপর দু'দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। গতকাল এই কর্মশালার উদ্বোধন করেন করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস। এছাড়া কর্মশালায় উপস্থিত ছিলেন শিলাছড়ি ব্লকের বিডিও পাচাল দেববর্মা, করবুক মহকুমা শাসক কার্যালয়ের ডিসিএম অরজিৎ দেববর্মা, মহকুমার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ ও ব্লক এলাকার বিভিন্ন স্বসহায়ক দলের সদস্যগণ। এই কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস মুখ্যমন্ত্রী স্বনির্ভর পরিবার যোজনার উদ্দেশ্য এবং এই প্রকল্পের সঠিক বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করেন। এছাড়া তিনি ব্লক এলাকায় এই প্রকল্পে ২০২২-২৩ অর্থবর্ষে বিভিন্ন কাজের উল্লেখযোগ্য সাফল্যের তথ্য সকলের সামনে তুলে ধরেন এবং আগামী অর্থবর্ষে কি কি করণীয় সে ব্যাপারেও বিস্তারিত আলোচনা করেন।
